

ISSN : 0976-9463

Issue 26, Vol. 41

January - March 2021

ভুবন

বিশেষ সংখ্যা

লোকসংস্কৃতি

ও

লোকসাহিত্য

UGC Approved Peer-Reviewed Research Journal on Arts and Humanities



সম্পাদনায়

দীপঙ্কর মল্লিক • দেবারতি মল্লিক



দি গৌরী কালচারাল অ্যান্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন

TABU EKALAVYA

UGC Approved International Peer-Reviewed (Refereed) Research
Journal on Arts & Humanities

ISSUE 26, Vol. 41 • October - December, 2020

2nd Edn. : May 2021

ISSN : 0976-9463

প্রথম প্রকাশ : ২৫ ডিসেম্বর, ২০২০

দ্বিতীয় প্রকাশ : ২৫ বৈশাখ/৯ মে ২০২১

TABU EKALAVYA

- Chief Advisor** : Swami Shastrajnananda
Selina Hossin
Ramkumar Mukhopadhyay
Soma Bandyopadhyay
Sadhan Chattopadhyay
- President** : Biplab Majee
- Vice-President** : Tapan Mandal
- Executive Editor** : Sushil Saha
- Editor** : Debarati Mallik
- Joint Editor** : Tapas Pal
- Editor-in-Chief** : Dipankar Mallik
- e-mail** : tobuekalabya@gmail.com / tabuekalavya@gmail.com
- Website** : www.tabuekalabya.in
- facebook** : তবু একলব্য গবেষণা পত্রিকা
- গ্রুপ** : তবু একলব্য গবেষণা পত্রিকা

প্রাপ্তিস্থান : দে'জ, দিয়া, দে বুক স্টোর (দীপু), পাতিরাম, ধ্যানবিন্দু, পাতাবাহার

মূল্য : ৪০০ টাকা

তবু একলব্য : লোকসংস্কৃতি ও লোকসাহিত্য	১১
সুন্দরবনকেন্দ্রিক বাংলা ছোটগল্প : লোকসংস্কৃতির অন্বেষণ প্রহ্লাদ রায়	৫৯৫
তিন ঔপন্যাসিকের কলমে প্রান্তিক জীবন ও লোকসংস্কৃতি (অভিজিৎ সেন, অনিল ঘড়াই ও নলিনী বেরা)	৬০৩
নুনম মুখোপাধ্যায় বিভূতিভূষণের 'আরণ্যক' : অরণ্যালালিত লোককথা সৌমিলি দেবনাথ	৬১১
লোকায়ত সমাজ ও সংস্কৃতি _____	
লোকসাহিত্যে রাজবংশী সমাজ ও সংস্কৃতি বহুবিস্মৃত পদচিহ্নের পদাবলী অসীম বর্মন	৬১৫
মধ্যযুগের বাংলা সাহিত্যের অঙ্গনে বাবুইপুর জনপদ শিবানী মণ্ডল	৬২১
সমাজ দর্পণে দক্ষিণ চব্বিশ পরগনার লোকসংস্কৃতি বিশ্বজিৎ ঘোষার	৬২৭
বাংলার মুসলিম সমাজ : লোক সংস্কৃতির প্রাঙ্গণে মহম্মদ শামীম ফিরদৌস	৬৩৬
জনজাতি জীবন ও সংস্কৃতি _____	
ছোটনাগপুরের জীবন্ত অসুর উপজাতি ও তাদের ইতিহাস : একটি ক্ষেত্র সমীক্ষা নির্ভর পর্যালোচনা গৌরব দেবনাথ	৬৪৩
মুন্ডা : জীবন ও সংস্কৃতি প্রিয়ান্বিতা মিত্র	৬৪৮
লোকসংস্কৃতির অঙ্গনে বিরহড় জনজাতি নির্মল প্রধান	৬৫৭
লোখা : সমাজ ও সংস্কৃতির প্রেক্ষিতে একটি পর্যালোচনা সৌমিতা মিত্র	৬৬৬
তুলনামূলক পাঠ _____	
বাংলা, অসমিয়া এবং বোড়ো ভাষার ছেলেভুলানো ছড়া : একটি তুলনামূলক অধ্যয়ন সৌমিতা পাল	৬৭১
পর্ব : ১৭ ☉ লোকসংস্কৃতি ও লোকসাহিত্য : নানা বর্ণে নানা রূপে _____	
ঝুমুর পাণ্ডের উপন্যাসে নারীকেন্দ্রিক লোক-উপাদান : একটি সমীক্ষামূলক পর্যালোচনা পাপড়ি বিশ্বাস	৬৭৯
বাংলার পটুয়া সম্প্রদায়ের উৎস অনুসন্ধান : একটি সমীক্ষা দীপাঙ্কন দে	৬৮৭
বাংলার ব্রতের দেবতা : বেদ-পুরানের উত্তরাধিকার ও স্বতন্ত্রতা স্বাগত ভট্টাচার্য	৬৯৪

তিন ঔপন্যাসিকের কলমে প্রাস্তিক জীবন ও লোকসংস্কৃতি
(আলোচনার কেন্দ্রবিন্দু : অভিজিৎ সেন, অনিল ঘড়াই ও নলিনী বেরা)
নুনম মুখোপাধ্যায়

উপন্যাস মানব জীবনের একটি ঘনিষ্ঠ প্রতিফলক। আমাদের ব্যবহারিক জীবন প্রতিনিয়ত উপন্যাসের সঙ্গে ওতপ্রোতভাবে ঘূর্ণায়মান। এর মধ্যে কিছু উপন্যাস আছে যেগুলি মাটির খুব কাছাকাছি অবস্থান করা মানব জীবনের কথা বলে। যে ধরনের ঔপন্যাসিকগণের রচনাশৈলী এই মাটি সংলগ্ন মানুষ, তাদের জীবন, জীবিকা, সংকট ইত্যাদির দ্বারা প্রভাবিত হয়েছে তাঁদের মধ্যে অন্যতম অভিজিৎ সেন, অনিল ঘড়াই ও নলিনী বেরা। এই তিন ঔপন্যাসিকের নির্বাচিত উপন্যাসকে আলোচ্য হিসাবে গ্রহণ করে মূল প্রবন্ধে প্রবেশ করা যেতে পারে।

তিন স্বতন্ত্র ঔপন্যাসিকের উপন্যাসে লোকসংস্কৃতির অনুসন্ধান একটি বিপুল শ্রমসাধ্য কাজ। ঔপন্যাসিক ত্রয়ীর দৃষ্টিভঙ্গি, চিন্তা-চেতনা, মানবিক মূল্যবোধ, দার্শনিক আদর্শ সম্পূর্ণই ভিন্ন। তবুও সমাজের অন্ত্যজ নিম্নবর্গীয় মানুষের জীবন-যুদ্ধ, বিপদ-সংকট, বেদনার যন্ত্রণা, আর্থিক টানাপোড়েন, প্রেম-পরিণয়, তাদের নিজস্ব সমাজের তৈরি করলের পাঁকে ক্রমশ ডুবে যেতে থাকা মানুষেরা কোথাও যেন রক্তমাংসে আলাদা হয়েও মজ্জায় মজ্জায় মিলেমিশে একাকার। আলাদা করে চিনতে গেলে কোথাও যেন বাধা বাধা ঠেকে। যতটুকু তফাৎ তা শুধুই গঠনশৈলীর, কাহিনির ঠাস বুননের। কিন্তু উপন্যাসের মেরুদণ্ড কিংবা ভিতখানি সকলেরই এক।

ঠিক এই জায়গা থেকে শুরু করলে অন্ত্যজ জীবনের রূপরেখা যত স্পষ্ট রূপে টানা যায়, তত স্পষ্ট ভাবে লোকসংস্কৃতির উপাদান উঠে আসে না। আসলে ইদানীন্তন কালের বৃহত্তর সমাজের প্রতিটি তলার মানুষেরই জীবনের সঙ্গে একাত্ম হয়ে গেছে বহু লোকবিশ্বাস ও লোকাচার, সংস্কার। তাকে আলাদা করে দেগে দিতে চাইলে ভুল হয়ে যায়। কিন্তু লেখকের কলম স্বতন্ত্র। সেখানে ঘটনা স্রোতের প্রতি তরঙ্গে মিশে থাকে লোকবোধ, লোকআবেগ, লোকচেতনা। তাই যতটুকু লেখক দেখাতে চান, ততটুকুর নির্মিত অনুসন্ধানই যথেষ্ট।

অভিজিৎ সেনের পেশা ব্যাঙ্কে চাকুরী। নেশা সাহিত্য। এহেন মানুষটি মূল ধারার সাহিত্য থেকে সরে এসে নিরন্তর প্রত্যক্ষ করে গেছেন সমাজের নীচুতলার মানুষদের। আত্মীয়তায় অনুভব করেছেন তাদের দৈনন্দিন জীবনগাথা, প্রত্যক্ষ করেছেন আপাত অসম্ভব পরিণতিহীন সমাধানের প্রহসন। অভিজিৎ সেনের এমনই এক উপন্যাস 'বিদ্যাধরী ও বিবাগী লখিন্দর' (১৯৯৫)। এই উপন্যাসে উঠে এসেছে নিম্নবর্গীয় জীবনাচরণের এক মেদুর গাথা।